দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 1 MAR 2003

# পাবনায় একটি কেন্দ্র বাতিল ॥ মাদ্রাসা অধ্যক্ষসহ ২৫ জন শিক্ষক ও দেড় সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ॥ নকলমুক্ত পরিবেশে এসএসসি পরীক্ষা শুরু হলেও দেশের কোথাও কোথাও দেখা দিয়েছে আগের মতই অস্থিরতা। পরীক্ষার খাতা পাচার হয়ে যাওয়ায় এবং ব্যাপক নকলের কারণে পাবনায় একটি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে। (১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পাবনায় একটি কেন্দ্র

(শেষ পৃঃ পর)

পরীক্ষায় নকলের সহায়তা করার দায়ে গতকাল রবিবার ময়মনসিংহে একজন মাদ্রাসার অধ্যক্ষসহ সারাদেশে ২৫ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। এদের মধ্যে কয়েকজনকে পুলিশ গ্রেফতার করেছে। রাজশাহী বোর্ডের দুর্গাপুর পাইলট হাইস্কুল কেন্দ্রে বাইরে থেকে লিখে আনা প্রশ্নের উত্তর মূল খাতায় জুড়ে দেয়ার ঘটনায় দুইজন পরীক্ষার্থী, একজন শিক্ষক, স্কুলের দপ্তরীকে গ্রেফতার করা হয়েছে। পরীক্ষার্থী দুইজনের নাম শফিকুল, মোতালেব হোসেন, শিক্ষকের নাম রেজাউল ইসলাম।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে বহিষ্কৃত হয়েছে সহস্রাধিক পরীক্ষার্থী। চৌদ্দগ্রামের চিওড়ায় পরীক্ষাকেন্দ্রে জোরপূর্বক প্রবেশের চেষ্টা করলে ২ জন তরুণকে পুলিশ গ্রেফতার করে। কাপাসিয়ায় একটি পরীক্ষা কেন্দ্রে ২ জন ভুয়া পরীক্ষার্থী ধরা পড়ে। ঘটনার পর একজন দৌড়ে পালিয়ে যায়। অন্যজনকে পুলিশ গ্রেফতার করেছে। রংপুরের পীরগঞ্জের একটি পরীক্ষা কেন্দ্রে নকলের সুযোগদানের প্রতিশ্রুতি দিয়ে কেন্দ্র সচিব ৯০ জন পরীক্ষার্থীর কাছ থেকে 'নজরানা' গ্রহণ করেছেন বলে অভিযোগ উঠেছে। পরীক্ষায় নকলের সুযোগ না পেয়ে পরীক্ষার্থীরা গতকাল কেন্দ্র সচিবকে ঘেরাও করে। একজন পরীক্ষার্থিনীকে বহিষ্কার করে টেকেরহাটে বিপাকে পড়েছেন শিক্ষিকা চঞ্চলা রায়। গতকাল টেকেরহাটে তার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলকারীদের অভিযোগ, চঞ্চলা রায় উদ্দেশ্য প্রণোদিতভাবে কারিগরি বিদ্যালয়ের একজন ছাত্রীকে বহিষ্কার করেন। চঞ্চলা রায় বলেছেন, মিছিলকারীদের অভিযোগ সত্য নয়। নকল করার সময় তিনি উক্ত পরীক্ষার্থীকে হাতেনাতে ধরে ফেলেন এবং বহিষ্কার করেন।

ইত্তেফাকের সংবাদদাতারা জানান : পরীক্ষায় নকলে সহায়তা করার দায়ে ত্রিশালে ১ জন, নওগাঁয় ৬ জন, আক্কেলপুরে ৯ জন, রায়গঞ্জে ২ জন, চৌগাছায় ৪ জন, বেতাগীতে (বরগুনা) ২ জন এবং রংপুরে ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

ইত্তেফাক সংবাদদাতা জানান, গতকাল নীলফামারীতে ৩৬ জন, কুমিল্লায় ১৯ জন, চাঁদপুরে ২ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৩ জন, ফেনীতে ৮ জন, নোয়াখালীতে ২৪ জন, লক্ষ্মীপুরে ৩ জন, কুষ্টিয়ায় ৯ জন, গাজীপুরে ১১ জন, দিনাজপুরে ১৯০ জন, সিলেটে ৬ জন, জয়পুরহাটে ২৪ জন, রংপুর পীরগঞ্জে ১৩ জন, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালীতে ১৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

চট্টগ্রাম অফিস ॥ গতকাল এসএসসি বাংলা প্রথম পত্রের পরীক্ষা চলাকালে চট্টগ্রাম বোর্ডে মোট ৫৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।